# কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**ঋণ ও অগ্রিম বিভাগ**

Email: lad@karmasangsthanbank.gov.bd

ঋণ পরিপত্র নম্বর -০৩/২০১৮ তারিখ : ১৩ মে ২০১৮

**বিষয় : খেলাপী/অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হার পুন:নির্ধারণ।**

কর্মসংস্থান ব্যাংক ১৯৯৮ সনে প্রতিষ্ঠার পর থেকে জামানত গ্রহণ করে অথবা জামানত ব্যতিরেকে দেশের বেকার যুবদের আত্মকর্মসংস্থান সৃজনে নিজস্ব ঋণ কর্মসূচী ও পর্যায়ক্রমে কৃষিভিত্তিক শিল্পের জন্য ঋণ সহায়তা, বাংলাদেশ ব্যাংক দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুন:অর্থায়ন এবং বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণিসম্পদ ঋণ সহায়তাসহ বিভিন্ন কর্মসূচিতে সহজ শর্তে ঋণ প্রদান করে আসছে। কর্মসূচীভিত্তিক ঋণের সুদের হারও ভিন্ন ভিন্ন। সুদের হার ও সুদ হিসাবায়ন পদ্ধতি বিষয়ে কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২০.১১.২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৫৪তম সভার অনুমোদনক্রমে এ বিভাগের ২৬.১২.২০১৭ তারিখের ঋণ পরিপত্র নম্বর -০৭/২০১৭ এর মাধ্যমে নীতিমালা জারী করা হয়।

০২। বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের ০৩ এপ্রিল ২০১৮ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০১ এর মাধ্যমে বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ফি/দন্ড সুদ/চার্জ/কমিশন ইত্যাদি ধার্যের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে এ ব্যাংকের বিভিন্ন কর্মসূচীর কিস্তিখেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হার পুনঃনির্ধারণের বিষয়ে পরিচালনা বোর্ডের ০৭.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬১তম সভায় প্রস্তাব উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক নিম্নরূপভাবে অনুমোদিত হয় :

**ক) নিজস্ব ঋণ কর্মসূচী**

| বিবরণ | খাত | বিদ্যমান সুদের হার | | পুনঃনির্ধারিত সুদের হার |
|---|---|---|---|---|
| নিয়মিত ঋণের ক্ষেত্রে | ক. উৎপাদনশীল ও সেবামূলক | ১১% (সরল ও ক্রমহ্রাসমান) | | ১১% (সরল ও ক্রমহ্রাসমান) |
| | খ. বাণিজ্যিক | ১৩% (সরল ও ক্রমহ্রাসমান) | | ১৩% (সরল ও ক্রমহ্রাসমান) |
| কিস্তি খেলাপী/ অনিয়মিত ঋণের ক্ষেত্রে | ক. উৎপাদনশীল ও সেবামূলক | ১. খেলাপের তারিখ থেকে ১১% (ফ্ল্যাট রেট) | ঋণের পূর্ণ মেয়াদের মধ্যে কোনো ০১টি কিস্তি খেলাপ হলে সংশ্লিষ্ট কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখের পরবর্তী সর্বোচ্চ ১০ দিনের মধ্যে পরিশোধ করলে নিয়মিত ঋণগ্রহীতা হিসেবে গণ্য হবেন। তবে এ সুবিধা পূর্ণ মেয়াদের মধ্যে ০১ বার পাবেন। | ১. কিস্তি খেলাপের তারিখ থেকে ১২% (ফ্ল্যাট রেট) |
| | খ. বাণিজ্যিক | ২. খেলাপের তারিখ থেকে ১৩% (ফ্ল্যাট রেট) | | ২. কিস্তি খেলাপের তারিখ থেকে ১৪% (ফ্ল্যাট রেট) |
| মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে | ক. উৎপাদনশীল ও সেবামূলক | মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে ১২% (ফ্ল্যাট রেট) | | মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে ১৩% (ফ্ল্যাট রেট) |
| | খ. বাণিজ্যিক | মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে ১৪% (ফ্ল্যাট রেট) | | মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে ১৫% (ফ্ল্যাট রেট) |

**খ) কৃষিভিত্তিক শিল্পের জন্য ঋণ সহায়তা কর্মসূচী**

| বিবরণ | খাত | বিদ্যমান সুদের হার | পুনঃনির্ধারিত সুদের হার |
|---|---|---|---|
| নিয়মিত ঋণের ক্ষেত্রে | প্রকল্প ঋণ | ৮% (সরল ও ক্রমহ্রাসমান) | ৮% (সরল ও ক্রমহ্রাসমান) |
| | চলতি মূলধন ব্যয় ঋণ | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) |
| কিস্তি খেলাপী/অনিয়মিত ঋণের ক্ষেত্রে | প্রকল্প ঋণ | ৮% (সরল ও ক্রমহ্রাসমান) | কিস্তি খেলাপের তারিখ হতে ১০% (সরল ও ক্রমহ্রাসমান) |
| | চলতি মূলধন ব্যয় ঋণ | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) | কিস্তি খেলাপের তারিখ হতে ১১% (সরল ও ক্রমহ্রাসমান) |
| মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে | প্রকল্প ঋণ | ৮% (সরল ও ক্রমহ্রাসমান) | মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ১০% (সরল ও ক্রমহ্রাসমান) |
| | চলতি মূলধন ব্যয়/ঋণ | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) | মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ১১% (সরল ও ক্রমহ্রাসমান) |

চলমান পাতা-০২

## বিষয় : খেলাপী/অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হার পুন:নির্ধারণ।

উল্লেখ্য, কৃষিভিত্তিক শিল্পের জন্য ঋণ সহায়তা কর্মসূচীর **নিয়মিত ঋণের** ক্ষেত্রে প্রকল্প ঋণের আদায়কৃত সুদের আট ভাগের তিন ভাগ, চলতি মূলধন ঋণের ক্ষেত্রে আদায়কৃত সুদের নয় ভাগের তিন ভাগ এবং **খেলাপী/অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ ঋণের** ক্ষেত্রে প্রকল্প ঋণের আদায়কৃত সুদের দশ ভাগের পাঁচ ভাগ, চলতি মূলধন ঋণের ক্ষেত্রে আদায়কৃত সুদের এগার ভাগের পাঁচ ভাগ আয় হিসেবে ব্যাংক প্রাপ্য হবে। অর্থাৎ প্রকল্প ঋণের আদায়কৃত সুদের ০৫ (পাঁচ) ভাগ এবং চলতি মূলধন ঋণের আদায়কৃত সুদের ০৬ (ছয়) ভাগ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।

**গ) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণিসম্পদ ঋণ সহায়তা কর্মসূচী (১ম পর্যায়)**

| বিবরণ | বিদ্যমান সুদের হার | পুনঃনির্ধারিত সুদের হার |
|---|---|---|
| নিয়মিত ঋণের ক্ষেত্রে | ১০% (সরল ও ক্রমহ্রাসমান) | ১০% (সরল ও ক্রমহ্রাসমান) |
| কিস্তি খেলাপী/অনিয়মিত ঋণের ক্ষেত্রে | ১২% (সরল ও ক্রমহ্রাসমান) | কিস্তি খেলাপের তারিখ হতে ১২% (সরল ও ক্রমহ্রাসমান) |
| মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে | ১৩% (সরল ও ক্রমহ্রাসমান) | মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ১২% (সরল ও ক্রমহ্রাসমান) |

**ঘ) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণিসম্পদ ঋণ সহায়তা কর্মসূচী (২য় পর্যায়)**

| বিবরণ | বিদ্যমান সুদের হার | পুনঃনির্ধারিত সুদের হার |
|---|---|---|
| নিয়মিত ঋণের ক্ষেত্রে | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) |
| কিস্তি খেলাপী/অনিয়মিত ঋণের ক্ষেত্রে | ৯% (সরল ও ক্রমহ্রাসমান) | কিস্তি খেলাপের তারিখ হতে ১১% (সরল ও ক্রমহ্রাসমান) |
| মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে | ১২% (ফ্ল্যাট রেট) | মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ১১% (সরল ও ক্রমহ্রাসমান) |

**ঙ) বাংলাদেশ ব্যাংক দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুন:অর্থায়ন স্কীম**

| বিবরণ | বিদ্যমান সুদের হার | পুনঃনির্ধারিত সুদের হার |
|---|---|---|
| নিয়মিত ঋণের ক্ষেত্রে | ৫% (সরল ও ক্রমহ্রাসমান) | ৫% (সরল ও ক্রমহ্রাসমান) |
| কিস্তি খেলাপী/অনিয়মিত ঋণের ক্ষেত্রে | ৫% (সরল ও ক্রমহ্রাসমান) | ৫% (সরল ও ক্রমহ্রাসমান) |
| মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে | ১২% (ফ্ল্যাট রেট) | মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ১৩% (ফ্ল্যাট রেট) |

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক **দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুন:অর্থায়ন** স্কীমের আওতায় কোনো ঋণের মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত পুন:তফসিল/মেয়াদবৃদ্ধি করা যাবে না। মেয়াদোত্তীর্ণ হওয়ার পর কোনো ঋণ পুন:তফসিল করা হলে ১১% (সরল) হারে সুদ ধার্য করতে হবে। তবে পুন:তফসিলকৃত মেয়াদের মধ্যে কোনো কিস্তি খেলাপ হলে খেলাপের তারিখ থেকে ১২% (ফ্ল্যাট রেট) এবং মেয়াদোত্তীর্ণ হলে ১৩% (ফ্ল্যাট রেট) হারে সুদ ধার্য করতে হবে।

**০৩। পুনঃনির্ধারিত সুদের হার ধার্য ও সুদ হিসাবায়নের ক্ষেত্রে পরিপালনীয় নির্দেশনাবলি নিম্নরূপ :**

(ক) পুনঃনির্ধারিত সুদের হার ও সুদ হিসাবায়ন পদ্ধতি **০১.০৪.২০১৮** তারিখ হতে কার্যকর হবে। উল্লেখ্য, এ পরিপত্র জারীর পূর্বে সমন্বয়কৃত/বন্ধ ঋণ হিসাবের ক্ষেত্রে পুনঃনির্ধারিত সুদের হার প্রযোজ্য হবে না ;

(খ) পরিশোধের জন্য নির্ধারিত কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করলে ঋণটি নিয়মিত হিসেবে বিবেচিত হবে ;

(গ) ০১.০৪.২০১৮ তারিখের পূর্বে কিস্তি খেলাপী/মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রেও পুনঃনির্ধারিত সুদের হার ও সুদ হিসাবায়ন পদ্ধতি কার্যকর হবে। এক্ষেত্রে খেলাপী/মেয়াদোত্তীর্ণ ঋণের ০১.০৪.২০১৮ তারিখের আসলের প্রারম্ভিক স্থিতিকে ভিত্তি হিসেবে গণ্য করতে হবে;

(ঘ) পুনঃতফসিলকৃত ঋণের ক্ষেত্রে পরিশোধের জন্য নির্ধারিত কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করলে নিয়মিত ঋণ হিসেবে গণ্য হবে। কিন্তু খেলাপী/অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ হলে প্রযোজ্য হারে সুদ ধার্য করতে হবে;

(ঙ) ঋণের উপর ত্রৈমাসিক (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর) ভিত্তিতে সুদ ধার্য করতে হবে। এতদ্ব্যতীত ঋণ পূর্ণ পরিশোধ, মামলা দায়ের, ঋণ দ্বৈভাগীকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে সুদ আরোপ করতে হবে ;

(চ) দৈনিক প্রডাক্টের ভিত্তিতে সুদ আরোপ করতে হবে।

চলমান পাতা-০৩

**বিষয় : খেলাপী/অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হার পুন:নির্ধারণ।**

০৪। **ফ্ল্যাট রেটে সুদ হিসাবায়ন পদ্ধতি:**

(১) **কিস্তি খেলাপী ঋণের ক্ষেত্রে**

(ক) কিস্তি খেলাপের তারিখ হতে ফ্ল্যাট রেটে সুদ হিসাবায়নের ক্ষেত্রে খেলাপের তারিখ ও আসলের স্থিতিকে ভিত্তি হিসেবে গণ্য করতে হবে ;

(খ) কিস্তি খেলাপের তারিখে আসলের যে স্থিতি থাকবে তার উপর সর্বোচ্চ ০১ বছর (প্রথম বছর), খেলাপের প্রথম বছর পূর্তির তারিখের আসল স্থিতির উপর সর্বোচ্চ ০১ বছর (দ্বিতীয় বছর) এবং খেলাপের দ্বিতীয় বছর পূর্তির তারিখের আসল স্থিতির উপর সর্বোচ্চ ০১ বছর (তৃতীয় বছর) সুদ আরোপ করতে হবে। ঋণের মেয়াদ ও স্থিতির ভিত্তিতে একই নিয়মে পরবর্তী বছরসমূহে (যদি থাকে) সুদ আরোপ করতে হবে ;

(গ) **ফ্ল্যাট রেটে সুদ হিসাবায়নের সূত্র :**

$$\text{খেলাপের প্রথম বছর} = \frac{\text{খেলাপের তারিখে ঋণের আসল স্থিতি} \times \text{দিন} \times \text{সুদের হার}}{৩৬৫ \times ১০০}$$

$$\text{খেলাপের দ্বিতীয় বছর} = \frac{\text{খেলাপের প্রথম বছর পূর্তির তারিখে ঋণের আসল স্থিতি} \times \text{দিন} \times \text{সুদের হার}}{৩৬৫ \times ১০০}$$

$$\text{খেলাপের তৃতীয় বছর} = \frac{\text{খেলাপের দ্বিতীয় বছর পূর্তির তারিখে ঋণের আসল স্থিতি} \times \text{দিন} \times \text{সুদের হার}}{৩৬৫ \times ১০০}$$

(২) **মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে**

(ক) মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ফ্ল্যাট রেটে সুদ হিসাবায়নের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণের তারিখ ও আসলের স্থিতিকে ভিত্তি হিসেবে গণ্য করতে হবে ;

(খ) মেয়াদোত্তীর্ণের তারিখে আসলের যে স্থিতি থাকবে তার উপর সর্বোচ্চ ০১ বছর (প্রথম বছর), মেয়াদোত্তীর্ণের প্রথম বছর পূর্তির তারিখের আসল স্থিতির উপর সর্বোচ্চ ০১ বছর (দ্বিতীয় বছর) এবং মেয়াদোত্তীর্ণের দ্বিতীয় বছর পূর্তির তারিখের আসল স্থিতির উপর সর্বোচ্চ ০১ বছর (তৃতীয় বছর) সুদ হিসাবায়ন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ঋণের স্থিতির ভিত্তিতে একই নিয়মে পরবর্তী বছরসমূহে (যদি থাকে) সুদ আরোপ করতে হবে ;

(গ) **ফ্ল্যাট রেটে সুদ হিসাবায়নের সূত্র :**

$$\text{মেয়াদোত্তীর্ণের প্রথম বছর} = \frac{\text{মেয়াদোত্তীর্ণের তারিখে ঋণের আসল স্থিতি} \times \text{দিন} \times \text{সুদের হার}}{৩৬৫ \times ১০০}$$

০৫। নিজস্ব ঋণ কর্মসূচীর মঞ্জুরিপত্রে "সুদের হার" সম্পর্কিত বিদ্যমান শর্তের পরিবর্তে নিম্নবর্ণিত শর্ত সংযোজন করতে হবে :

(ক) **উৎপাদনশীল ও সেবামূলক খাতের জন্য :**

"১১% সরল সুদ (পরিবর্তনযোগ্য)। ঋণের কিস্তি খেলাপ হলে খেলাপের তারিখ থেকে সুদের হার হবে ১২% ফ্ল্যাট রেট। ঋণটি মেয়াদোত্তীর্ণ হলে মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে সুদের হার হবে ১৩% ফ্ল্যাট রেট।"

(খ) **বাণিজ্যিক খাতের জন্য :**

"১৩% সরল সুদ (পরিবর্তনযোগ্য)। ঋণের কিস্তি খেলাপ হলে খেলাপের তারিখ থেকে সুদের হার হবে ১৪% ফ্ল্যাট রেট। ঋণটি মেয়াদোত্তীর্ণ হলে মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে সুদের হার হবে ১৫% ফ্ল্যাট রেট।"

০৬। এছাড়াও কৃষিভিত্তিক শিল্পের জন্য ঋণ সহায়তা কর্মসূচী, বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণিসম্পদ ঋণ সহায়তা কর্মসূচী ( ১ম ও ২য় পর্যায়) এবং বাংলাদেশ ব্যাংক দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুন:অর্থায়ন স্কীমের মঞ্জুরিপত্রেও সুদের হার সম্পর্কিত বিদ্যমান শর্তের পরিবর্তে প্রযোজ্য পুনঃনির্ধারিত শর্ত সংযোজন করতে হবে।

চলমান পাতা-০৪

**বিষয় : খেলাপী/অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হার পুন:নির্ধারণ।**

০৭। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। এ পরিপত্র জারীর পর উপরে বর্ণিত কর্মসূচীসমূহের সুদের হার সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত নির্দেশনা অকার্যকর বলে গণ্য হবে।

০৮। বিদ্যমান নীতিমালার অন্যান্য বিষয় ও শর্ত অপরিবর্তিত থাকবে।

০৯। এ নীতিমালায় কোনো অস্পষ্টতা থাকলে এ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

(গৌতম সাহা)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ০২-৯৫৭১৭৭৯

সংযুক্তি : সুদ হিসাবায়নের উদাহরণ সীট।

সূত্র নম্বর : কেবি/প্রকা/ঋণ নীতি-০৭(অংশ-০২)/২০১৭-২০১৮/১০৮৭(৩০৪)

তারিখ : ১৩ মে ২০১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :**

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপ-মহাব্যবস্থাপক মহোদয়কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
০৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
০৮। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
০৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
১০। অফিস নথি।

(মো: মশিউর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

# বিষয় : সুদ হিসাবায়নের উদাহরণ।

ধরা যাক, জনাব মো:আ:রহমানের অনুকূলে নিজস্ব ঋণ কর্মসূচীতে বাণিজ্যিক খাতে ১৩% সরল সুদে ১ মাস গ্রেস পিরিয়ডসহ ২৩টি মাসিক কিস্তিতে পরিশোধের শর্তে ০৫.০১.২০১৮ তারিখে ২বছর মেয়াদে ১,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। সেক্ষেত্রে মার্চ ২০১৮ থেকে প্রতিমাসের ০৪ তারিখ হবে কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ ও সম্ভাব্য কিস্তির পরিমাণ ৪৯৭৭/- টাকা এবং ১ম কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ ০৪.০৩.২০১৮। উদ্যোক্তা প্রথম ২টি কিস্তি অর্থাৎ ০৪.০৩.২০১৮ এবং ০৪.০৪.২০১৮ তারিখের কিস্তি যথাসময়ে পরিশোধ করেছেন এবং ৩য় কিস্তি নির্ধারিত ০৪.০৫.২০১৮ তারিখের মধ্যে পরিশোধ করেন নি। এমতাবস্থায়, ঋণটি ০৪.০৫.২০১৮ তারিখ হতে খেলাপী হয়েছে। এক্ষেত্রে উক্ত হিসাবে ০৫.০১.২০১৮ থেকে ০৩.০৫.২০১৮ তারিখ পর্যন্ত মোট ১১৯ দিন সরল সুদ এবং ০৪.০৫.২০১৮ তারিখ থেকে ফ্ল্যাট রেটে সুদ আরোপ করতে হবে। সুদ আরোপের ক্ষেত্রে ০৪.০৫.২০১৮ তারিখের আসল স্থিতির উপর সর্বোচ্চ ০১ বছর (খেলাপের প্রথম বছর) অর্থাৎ ০৩.০৫.২০১৯ তারিখ পর্যন্ত এবং পরবর্তীতে ০৪.০৫.২০১৯ তারিখের আসল স্থিতির উপর পরবর্তী সর্বোচ্চ ০১ বছর (খেলাপের ২য় বছর) অর্থাৎ ০৩.০৫.২০২০ তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) পর্যন্ত ফ্ল্যাট রেটে সুদ আরোপ করতে হবে। এ ভাবে ঋণের মেয়াদ এবং স্থিতির ভিত্তিতে একই নিয়মে সুদ আরোপ করতে হবে।

## বর্ণিত ক্ষেত্রে ঋণ খতিয়ানের চিত্র

ঋণগ্রহীতার নাম : মো: আ: রহমান

মঞ্জুরির পরিমাণ : ১,০০,০০০/- টাকা

মেয়াদ : ০২ বছর

সুদের হার : ১৩%

**পরিশোধসূচী :**

কিস্তির ধরন :মাসিক

প্রথম কিস্তি পরিশোধের তারিখ : ০৪.০৩.২০১৮

কিস্তির সংখ্যা : ২৩ টি।

**কিস্তির পরিমাণ**

| আসল | সুদ | মোট |
|---|---|---|
| ৪৩৪৮/- | ৬২৯/- | ৪৯৭৭/- |

| তারিখ | বিবরণ | আসল | | | সুদ | | | মোট স্থিতি | স্থিতি নিশ্চিতকারীর অনুস্বাক্ষর | সুদের হার | দিন সংখ্যা | গুণফল | ধার্যকৃত সুদ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডেবিট | ক্রেডিট | স্থিতি | ডেবিট | ক্রেডিট | স্থিতি | | | | | | |
| ০৫.০১.১৮ | বিতরণ | ১০০০০০/- | - | ১০০০০০/- | - | - | - | ১০০০০০/- | | ১৩ | ৫৮ | ৫৮০০০০০ | ২০৬৬/- |
| ০৪.০৩.১৮ | আদায় | - | ৪৯৭৭/- | ৯৫০২৩/- | - | - | - | ৯৫০২৩/- | | ১৩ | ২৮ | ২৬৬০৬৪৪ | ৯৪৮/- |
| ৩১.০৩.১৮ | সুদ ধার্য | | - | ৯৫০২৩/- | ৩০১৪/- | - | ৩০১৪/- | ৯৮০৩৭/- | | - | - | - | - |
| ৩১.০৩.১৮ | সামেশন | ১০০০০০/- | ৪৯৭৭/- | ৯৫০২৩/- | ৩০১৪/- | - | ৩০১৪/- | ৯৮০৩৭/- | | | ৩ | ২৮৫০৬৯ | ১০২/- |
| ০৪.০৪.১৮ | আদায় | - | ১৯৬৩/- | ৯৩০৬০/- | - | ৩০১৪/- | - | ৯৩০৬০/- | | ১৩ | ৩০ | ২৭৯১৮০০ | ৯৯৪/- |
| ২০.০৫.১৮ | আদায় | - | ৪৯৭৭/- | ৮৮০৮৩/- | - | - | - | ৮৮০৮৩/- | | - | - | - | - |
| ০৪.০৬.১৮ | আদায় | - | ৪৯৭৭/- | ৮৩১০৬/- | - | - | - | ৮৩১০৬/- | | | ০৪.০৫.১৮ তারিখের কিস্তি খেলাপ করায় উক্ত তারিখ এবং উক্ত তারিখের স্থিতি ৯৩০৬০/- টাকার উপর ফ্ল্যাট রেট | | |
| ৩০.০৬.১৮ | সুদ ধার্য | - | - | ৮৩১০৬/- | ৩১৬৬/- | | ৩১৬৬/- | ৮৬২৭২/- | | ১৪ | ৫৮ | ৫৩৯৭৪৮০ | ২০৭০/- |
| ৩০.০৬.১৮ | সামেশন | ১০০০০০/- | ১৬৮৯৪/- | ৮৩১০৬/- | ৬১৮০/- | ৩০১৪/- | ৩১৬৬/- | ৮৬২৭২/- | | | | | |